# Probable Questions

CC 8 (Theoritical) – Regional Planning & Development

Unit - 2 Regional Development

2.5 :→ Human Development – Significance, Indicators & Measurement

## Short Answer Type (2 marks)

1. What is human development or human resource development?
   মানব উন্নয়ন বা মানব সম্পদ উন্নয়ন কী?

2. What is HDI?
   মানব উন্নয়ন সূচক কী?

3. What is GDP?
   অভ্যন্তরীণ উৎপাদন কাকে বলে?

4. What is GNP?
   মোট জাতীয় উৎপাদন কাকে বলে?

5. What do you mean by per capita income?
   মাথাপিছু আয় বলতে কি বোঝ?

6. What is the rank of India in Human Development Report, 2019?
   মানব উন্নয়ন রিপোর্ট, 2019-এ ভারতের স্থান কত?

   Ans. India's rank → 129, HDI → 0.647.

## Broad Answer Type (10 marks)

1. How human development is measured? মানব উন্নয়নের পরিমাপ কিভাবে করা হয়?

2. How human resource can be developed?
   মানব সম্পদ কিভাবে বিকশিত করা যেতে পারে?

## Short Analytical Type (5 marks)

1. Discuss briefly the significance (importance) of human development.
   মানব উন্নয়নের তাৎপর্য বা গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখ।

2. Describe the indicators of human development.
   মানব উন্নয়নের সূচকগুলির বর্ণনা দাও।

3. Write a short note on human development in India.
   ভারতে মানব উন্নয়ন সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লেখ।

Scanned by TapScanner

## ■ মানব সম্পদের উন্নয়নের সংজ্ঞা (Definition of Human Resource Development)

মানব সম্পদ উন্নয়ন বলতে সামগ্রিকভাবে মানবজাতির উন্নয়নকে বোঝানো হয়। কারণ মানুষ নিজেই হল সম্পদ। The United Nations Development Program (UNDP) প্রথম মানব উন্নয়ন সংক্রান্ত রিপোর্ট প্রকাশ করে 1990 খ্রিস্টাব্দে। এরপর থেকে প্রত্যেক বছর মানব উন্নয়ন সম্পর্কিত রিপোর্ট (Human Development Report) প্রকাশ করা হয়।

মানব উন্নয়ন বলতে এমন প্রক্রিয়াকে বোঝায় যার মাধ্যমে দীর্ঘস্থায়ী উন্নত ও সুস্থ জীবন, যথাযথ শিক্ষার সুযোগসুবিধা ও জীবনযাত্রার মানের উন্নতিকে বোঝায়। অর্থনৈতিক উন্নয়ন বলতে মানুষের আয়ের বৃদ্ধিকে বোঝায়। কিন্তু মানব উন্নয়ন হল মানুষের জীবনের সমগ্র দিকের উন্নতি, যেমন— অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক এবং সামগ্রিকভাবে মানুষের জীবনযাত্রার উন্নতিকে বোঝায়।

*"Human development can be defined as a process of enlarging people's choices and building human capabilities (the range of things people can be and do), enabling them to : live a long and healthy life, have access to knowledge, have a decent standard of living and participate in the life of their community and decisions that affect their lives."*

## ■ মানব সম্পদ উন্নয়ন ধারণা [Concept of Human Resource Development (HRD)]

কোনো দেশের জনসংখ্যার যে অংশ শ্রমশক্তিতে পরিণত হয়েছে তাদেরকে সে দেশের মানব সম্পদ বলে। প্রকৃতি ও মানুষ যে-কোনো দেশের জাতীয় উৎপাদনের দুটি মৌলিক উপাদান। দেশের প্রাকৃতিক সম্পদগুলোকে কাজে লাগিয়ে অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করতে হলে দক্ষ মানব শক্তির পর্যাপ্ত জোগান থাকা প্রয়োজন। কোনো দেশের ভূমি ও মূলধনকে বস্তুগত সম্পদ ও শ্রমশক্তিকে মানব সম্পদ বলে। অর্থনৈতিক উন্নয়নের বস্তুগত সম্পদ ও মানব সম্পদ— দুটি-ই জরুরি। শিক্ষা, প্রশিক্ষণ, স্বাস্থ্য ও চিকিৎসা সুবিধা ইত্যাদির মাধ্যমে মানুষের কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি করা যায়। সুতরাং উপযুক্ত শিক্ষা, স্বাস্থ্যসম্মত বাসস্থান, চিকিৎসা সেবা, প্রশিক্ষণ ইত্যাদির মাধ্যমে মানুষের কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির প্রক্রিয়াকে মানব সম্পদ উন্নয়ন বলে। দক্ষ মানব সম্পদ অর্থনৈতিক উন্নয়নের অপরিহার্য উপাদান। কারণ জনসাধারণের কর্মনৈপুণ্য ও তাদের উন্নত ও দক্ষ চিন্তা-ভাবনা অর্থনৈতিক উন্নয়নকে প্রভাবিত করে। উল্লেখ্য যে, মানব সম্পদ উন্নয়নের জন্য শিক্ষা, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, বাসস্থানের ব্যবস্থা প্রভৃতি খাতে বিনিয়োগকে মানব মূলধন বলে। অর্থনৈতিক উন্নয়নের জন্য বস্তুগত মূলধন (Physical capital) ও মানব মূলধন (Human capital) উভয়ই সমভাবে প্রয়োজন।

## ■ মানব সম্পদ উন্নয়নের গুরুত্ব বা মানব সম্পদ উন্নয়ন ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যে সম্পর্ক (Importance of HRD/Relation between HRD and Economic Development)

সাধারণত উন্নত দেশের মানব সম্পদ দক্ষ। কিন্তু উন্নয়নশীল দেশের জন্য মানব সম্পদের উন্নয়ন দরকার। মূলধন ও প্রাকৃতিক সম্পদ অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় শর্ত। কারণ মূলধন ও প্রাকৃতিক সম্পদ ব্যবহারের জন্য দক্ষ

Scanned by TapScanner

শ্রমশক্তির প্রয়োজন। তাই মানব সম্পদ উন্নয়ন অর্থনৈতিক উন্নয়নের পর্যাপ্ত শর্ত। নীচে উন্নয়নশীল দেশের অর্থনৈতিক উন্নয়নে মানব সম্পদ উন্নয়নের গুরুত্ব বা মানব সম্পদ ও অর্থনৈতিক উন্নয়নের সম্পর্ক আলোচনা করা হল—

(i) **দক্ষতা বৃদ্ধি** : অর্থনৈতিক উন্নয়নের জন্য দক্ষ মানব সম্পদ পর্যাপ্ত শর্ত। শ্রমিকের দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে শিক্ষা, প্রশিক্ষণ ও স্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে শ্রমশক্তির গুণগত মান উন্নয়ন করা যায়।

(ii) **উৎপাদন বৃদ্ধি** : দক্ষ মানব সম্পদ উৎপাদন বৃদ্ধির সহায়ক। শ্রমের দক্ষতা বৃদ্ধি পেলে তাদের উৎপাদন ক্ষমতা বাড়ে। সুতরাং উৎপাদন বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করতে হলে মানব সম্পদ উন্নয়ন দরকার।

(iii) **জনসংখ্যা সমস্যার সমাধান** : কর্মহীন, অদক্ষ জনসংখ্যা ভারতের জন্য জনসংখ্যা সমস্যা। ভারতের শ্রমশক্তির গুণগত মানের অভাব আমাদের জনাধিক্যজনিত সমস্যার প্রধান কারণ। সুতরাং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে আমাদের জনসংখ্যার গুণগত মান বৃদ্ধি করা প্রয়োজন। শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে জনসংখ্যাকে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করে জনসংখ্যা সমস্যা সম্পদে পরিণত করা যায়।

(iv) **আয়ের সুষম বণ্টন** : ভারতে আয় বণ্টন বৈষম্য বিরাজমান রয়েছে। অসম আয় বণ্টন হ্রাস করার উদ্দেশ্যে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করা যায়। এই উদ্দেশ্যে মানব সম্পদ উন্নয়নকে অর্থনৈতিক উন্নয়নের কৌশল হিসেবে গ্রহণ করা উচিত।

(v) **কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি** : ভারতে বেকার সমস্যা প্রকট হলেও দক্ষ শ্রমিকের একান্ত অভাব রয়েছে। বস্তুত দক্ষ শ্রমিকের অভাব আমাদের বেকার সমস্যার অন্যতম কারণ। সুতরাং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে এ দেশে শ্রমের দক্ষতা বাড়াতে পারলে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। এতে দেশের বেকার সমস্যা হ্রাস পাবে ও অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত হবে।

(vi) **মানব সম্পদ রপ্তানি** : ভারত একটি জনবহুল রাষ্ট্র। মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে জনশক্তির কর্মদক্ষতা বাড়াতে পারলে আমাদের জনসম্পদকে সম্পদ হিসেবে বিদেশে রপ্তানি করা যাবে। পৃথিবীর নানান দেশে এখনো দক্ষ মানব সম্পদের প্রচুর চাহিদা আছে। সুতরাং বিদেশে মানবশক্তি রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা উপার্জন করা সম্ভব। এর ফলে অর্থনৈতিক উন্নয়নের গতিও ত্বরান্বিত হবে।

মানব উন্নয়নের সঙ্গে নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কিত—

(i) **সামাজিক উন্নয়ন** : এর সঙ্গে শিক্ষা, স্বাস্থ্য এবং পুষ্টি সম্পর্কিত।

(ii) **অর্থনৈতিক উন্নয়নের সাম্যতা।**

(iii) **অংশগ্রহণ এবং স্বাধীনতা** : এর সঙ্গে নারীর ক্ষমতা, গণতান্ত্রিক সরকার, লিঙ্গ-বিষয়ক সাম্যতা, পৌর এবং রাজনৈতিক অধিকার, সাংস্কৃতিক স্বাধীনতা জড়িত আছে।

(iv) **সুস্থায়ী উন্নয়ন** : বাস্তুতান্ত্রিক, অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়ন এর সঙ্গে সম্পর্কিত।

(v) **মানব নিরাপত্তা** : দৈনন্দিন জীবনে নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা, কর্মে নিরাপত্তা প্রভৃতি বিষয়গুলো এর সঙ্গে জড়িত আছে।

Scanned by TapScanner

## মানব উন্নয়ন সূচক নির্দেশক
## Indicators of Human Development Index

যেসব নির্দেশকের মাধ্যমে মানব উন্নয়ন বোঝানো হয় সেগুলি হল ঃ

**1. মাথাপিছু আয় (Per Capita Income)** ঃ কোনো দেশের মোট জাতীয় আয়কে মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে মাথাপিছু আয় পাওয়া যায়। মাথাপিছু আয় যত বেশি হয় সেই দেশের জীবনযাত্রার মানও তত উন্নত হয়। উন্নত দেশগুলিতে মাথাপিছু আয় বেশি হয় তাই এখানে মানব উন্নয়ন বেশি ও অর্থনৈতিক উন্নয়নও বেশি।

**সারণি ঃ কয়েকটি দেশের মানব উন্নয়ন সূচক**

| দেশ | মাথাপিছু স্থুল অভ্যন্তরীণ উৎপাদন [PPPUS ($)] | HDI Index (2011) |
|---|---|---|
| নরওয়ে | 38390 | 0.943 |
| অস্ট্রেলিয়া | 30450 | 0.929 |
| জাপান | 29636 | 0.901 |
| আমেরিকা যুক্তরাষ্ট্র | 39498 | 0.910 |

উৎস ঃ The World Bank.

মাথাপিছু আয় নীচের সূত্রের সাহায্যে গণনা করা হয়।

$$\text{মাথাপিছু আয় (PCI)} = \frac{\text{জাতীয় আয় } (y)}{\text{মোট জনসংখ্যা } (P)}$$

y = জাতীয় আয়

P = মোট জনসংখ্যা

এক্ষেত্রে লক্ষণীয় মাথাপিছু আয় হল একজন দেশবাসীর গড় বার্ষিক আয় অর্থাৎ যে আয় একজন দেশবাসী পায় বলে ধরা হয়। জাতীয় আয়ের মতো মাথাপিছু আয়কেও চলতি দামের হিসাবে অথবা কোনো নির্দিষ্ট বছরের দামে বা স্থির দামের হিসাবে প্রকাশ করা হয়। চলতি বছরের দামে প্রকাশিত মাথাপিছু আয়কে PCI at Current Prices বলা হয়। আর্থিক মাথাপিছু আয় এবং স্থির দামে প্রকাশিত মাথাপিছু আয়কে (PCI Constant Prices) বলা হয় বাস্তব মাথাপিছু আয় বা Real PCI। বলাবাহুল্য, দেশবাসীদের অর্থনৈতিক অবস্থা সূচিত হয় বাস্তব মাথাপিছু আয় দ্বারা।

Scanned by TapScanner

**2. শিশুর স্বাস্থ্য ও পুষ্টি (Child Health and Nutrition) ঃ** শিশুর স্বাস্থ্য ও পুষ্টি মানব উন্নয়নের সূচক। যেসব দেশে শিশুদের অপুষ্টির হার বেশি সেইসব দেশে মানব উন্নয়ন কম হয়। কারণ সেখানে জীবনযাত্রার মানও কম। তাই সেই সব দেশে অর্থনৈতিক উন্নয়ন কম।

**3. শিশু মৃত্যুর হার (Infant Mortality Rate বা IMR) ঃ** শিশু মৃত্যুর হার অপুষ্টিজনিত কারণ থেকে হয়। যেসকল দেশে শিশুর মৃত্যুহার বেশি সেখানে জীবনযাত্রার মানও অনুন্নত। ফলে মানব উন্নয়ন সূচক ও অর্থনৈতিক উন্নয়নও কম হয়।

**সারণি ঃ বিশ্বে কয়েকটি দেশের শিশু মৃত্যুর হার**

| দেশ (Country) | শিশু মৃত্যুর হার (IMR) (2012) |
|---|---|
| 1. সোমালিয়া | 108 |
| 2. কঙ্গো | 111 |
| 3. বাংলাদেশ | 49 |
| 4. ভারত | 46 |
| 5. আফগানিস্তান | 121 |
| 6. মায়ানমার | 48 |
| 7. ইউ. কে. | 4 |
| 8. ইউ. এস. এ. | 6 |
| 9. নরওয়ে | 3 |
| 10. সুইডেন | 2 |

উৎস ঃ The World Bank. (data.worldbank.org)

Scanned by TapScanner

**4. মোট অভ্যন্তরীণ উৎপাদন (Gross Domestic Product) ঃ** কোনো দেশে নির্দিষ্ট বছরে যেসব দ্রব্য উৎপাদন করা হয় তার পরিমাণকে Gross Domestic Product বলে। এর সাহায্যে কোনো দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কে জানা যায়।

**সারণি ঃ বিশ্বে কয়েকটি দেশের মোট জাতীয় উৎপাদন**

| দেশ | মোট জাতীয় উৎপাদন ও বিশ্বে অবস্থান [2011] |
|---|---|
| 1. নরওয়ে | 485416$ (25) |
| 2. ভারত | 1897608$ (9) |
| 3. পাকিস্তান | 208860$ (47) |
| 4. ইউ. এস. এ. | 14991000$ (1) |
| 5. চিন | 7203784$ (3) |
| 6. তুভালু (Tuvalu) | 37$ (195) |
| 7. টোঙ্গা (Tonga) | 453$ (188) |

উৎস ঃ The World Bank, 2012.

**5. শিক্ষা (Education) ঃ** শিক্ষাকে অর্থনৈতিক উন্নয়নের ও মানব উন্নয়নের সূচক হিসাবে ধরা হয়। উন্নত দেশে জনসংখ্যা কম ও কর্মসংস্থান বেশি তাই মানব উন্নয়ন সূচক বেশি হয়। কিন্তু উন্নয়নশীল দেশে জনসংখ্যা বেশি, কর্মসংস্থান কম তাই বেকারত্ব বৃদ্ধি পায়।

**6. কর্মসংস্থান (Employment) ঃ** কর্মসংস্থানের সুযোগ অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে। উন্নত দেশে জনসংখ্যা কম ও কর্মসংস্থান বেশি, তাই মানব উন্নয়ন সূচক বেশি হয়। কিন্তু উন্নয়নশীল দেশে জনসংখ্যা বেশি, কর্মসংস্থান কম তাই বেকারত্ব বৃদ্ধি পায়।

**7. দারিদ্র্য (Poverty) ঃ** দারিদ্র্য অর্থনৈতিক উন্নয়নের অন্যতম সূচক। কোনো দেশ থেকে সম্পদের পরিমাণ জনসংখ্যার তুলনায় হ্রাস পেলে সেই দেশে দারিদ্র্য দেখা যায়। উন্নত দেশগুলিতে সম্পদের প্রাচুর্য বিদ্যমান থাকায় দারিদ্র্য কম কিন্তু উন্নয়নশীল দেশগুলিতে সম্পদের চাহিদা জোগানের থেকে বেশি থাকায় দারিদ্র্য বেশি হয়, ফলে অর্থনৈতিক উন্নয়ন কম হয়।

Scanned by TapScanner

## ■ ভারতে মানব উন্নয়ন (Human Development in India)

ভারত পৃথিবীর উন্নয়নশীল দেশগুলোর অন্যতম। স্বাধীনতা লাভের আগে আমাদের দেশের মানব উন্নয়নের ধারা যেরকম ছিল, স্বাধীনতা লাভের পরে তার দ্রুত উন্নয়ন ঘটেছে। 2015 খ্রিস্টাব্দের Human Development Report অনুসারে পৃথিবীর 177টি দেশের মধ্যে ভারতের স্থান ছিল 127-তম। 2009 খ্রিস্টাব্দে ভারতের স্থান হয় 134 পৃথিবীর 182টি দেশের মধ্যে। 2010 খ্রিস্টাব্দের Human Development Report অনুসারে পৃথিবীর সকল দেশের মধ্যে ভারতের স্থান 119-তম। 2015 খ্রিস্টাব্দে মানব উন্নয়ন সূচকের পরিপ্রেক্ষিতে নরওয়ের স্থান ছিল পৃথিবীতে প্রথম। এই দেশের HDI মান ছিল 0.956। এই সময় ভারতের HDI মান ছিল 0.545। অর্থাৎ, পৃথিবীর প্রথম স্থানাধিকারী দেশের সঙ্গে এর পার্থক্য হল 0.411। ভারতের মানব সম্পদের উন্নয়ন ঘটলেও তা এখনও অনেক উন্নয়নশীল দেশের নিরিখে বেশ পিছিয়ে আছে।

ভারতে প্রত্যাশিত জীবনের আয়ু ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। 1951 খ্রিস্টাব্দে ভারতে প্রত্যাশিত গড় আয়ু ছিল ছেলেদের ক্ষেত্রে 37.2 বছর এবং মেয়েদের ক্ষেত্রে 36.2 বছর। কিন্তু 2011 খ্রিস্টাব্দে প্রত্যাশিত গড় আয়ু ছেলেদের এবং মেয়েদের ক্ষেত্রে বৃদ্ধি পেয়ে হয় 63.9 বছর ও 66.9 বছর।

**পৃথিবীর বিভিন্ন দেশের পরিপ্রেক্ষিতে ভারতের সামাজিক জনসংখ্যাগত প্যারামিটার যথাক্রমে**

| Countries | Life expectancy at birth | Under 5 Mortality rate (per 1000 live births) | | Infant Mortality rate (per 1000 live births) | | Maternal Mortality ratio |
|---|---|---|---|---|---|---|
| Year | 2000–05 | 1990 | 2002 | 1990 | 2002 | 2000 |
| China | 71 | 49 | 39 | 38 | 31 | 56 |
| India | 64 | 123 | 93 | 80 | 67 | 540 |

Scanned by TapScanner

| Countries | Life expectancy at birth | Under 5 Mortality rate (per 1000 live births) | | Infant Mortality rate (per 1000 live births) | | Maternal Mortality ratio |
|---|---|---|---|---|---|---|
| Year | 2000–05 | 1990 | 2002 | 1990 | 2002 | 2000 |
| Nepal | 60 | 145 | 91 | 100 | 66 | 740 |
| Pakistan | 61 | 128 | 107 | 96 | 83 | 500 |
| Srilanka | 72 | 23 | 19 | 19 | 17 | 92 |
| Bangladesh | 61 | 144 | 77 | 96 | 51 | 380 |
| South Asia | 63 | 126 | 95 | 84 | 69 | Not Available |

*Source : UNDP. Human Development Report, 2004.*

Scanned by TapScanner

## ❑ মানব সম্পদ উন্নয়নের প্রচেষ্টা

## (Attempt of Human Resurce Development)

মানব সম্পদ উন্নযনের জন্য বিভিন্ন পদ্ধতি অবলম্বন করা উচিত।

### (১) শিক্ষার হার বৃদ্ধি (Increase of Education Rate)

মানব সম্পদ উন্নযনের জন্য প্রথমেই প্রয়োজন মানুষকে উপযুক্ত শিক্ষা প্রদান করা এবং সার্বজনীন শিক্ষা গ্রহণের ব্যবস্থা করা। উদাহরণ স্বরূপ ভারত সরকার ২০১০ সালে আইন পাশ করে ১৪ বছরের বয়স পর্যন্ত শিশুদের বিনামূল্যে শিক্ষার ব্যবস্থা করেছে।

### (২) বেকার সমস্যার সমাধান (Reduce of Unemployment)

নতুন নতুন কর্ম সংস্থানের সুযোগ করে বেকার সমস্যার সমাধান করতে হবে। মানুষ কাজ পেলে ক্রয় ক্ষমতা ও ভোগের ক্ষমতা বৃদ্ধি পাবে ফলে HDI বৃদ্ধি পায়।

**(৩) জনসংখ্যা নিয়ন্ত্রণ (Population Control)** অত্যাধিক জনসংখ্যা ফলে সব মানুষ সব কিছু সঠিক সময়ে ভোগ করতে পারে না। পরিবারে সদস্য সংখ্যা বেশি হলে এই সমস্যা বেশি দেখা যায়। বেশি সদস্যযুক্ত পরিবারে সব সদস্য সমানভাবে সবকিছু ভোগ করতে পারে না।

### (৪) প্রযুক্তিগত শিক্ষা (Technological Education)

দেশের জনসাধারণকে প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষিত করলে চাকরির সুবিধা বৃদ্ধি পায়। ফলে বেকার সমস্যাও বহুলাংশে হ্রাস পায়। এছাড়া বর্তমানে কৃষি, শিল্প ও ব্যবসায় নিত্যদিন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পাওয়ায় এটি অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। প্রযুক্তিগত শিক্ষাদানের জন্য বেশি করে ITI ও IIT ইত্যাদি প্রতিষ্ঠান

Scanned by TapScanner

বেশি করে খুলতে হবে।

**(৫) শিশু মৃত্যুর হার হ্রাস (Decrease of Child Death Rate)** মানব উন্নয়নের জন্য শিশু মৃত্যুর হার কমাতে হবে। কারণ উচ্চ শিশু মৃত্যুহার জীবনের প্রত্যাশিত গড় আয়ুকে কমিয়ে দেয়।

**(৬) জাতীয় আয়ু ও সম্পদের সুষ্ঠ ব্যবহার (Proper Uses of National Income & Resource)** মানব সম্পদ উন্নয়নের জন্য দেশের জাতীয় আয় ও সম্পদকে সমস্ত জনগণের মধ্যে সুষ্ঠভাবে বন্টন করতে না পারলে প্রকৃত মানব উন্নয়ন প্রয়োজন সম্ভব নয়। পৃথিবীতে বহু দেশ রয়েছে যেমন কুয়েত, আরব, সংযুক্ত আরব আমীরশাহী যাদের প্রাকৃতিক সম্পদ ও জাতীয় আয় বহু উন্নত দেশের থেকে বেশি কিন্তু মানব উন্নয়নে এই দেশগুলি অনেক পিছনের সারিতে অবস্থান করছে। বিভিন্ন জনকল্যাণকামী ব্যবস্থা গ্রহণ করে জাতীয় আয়কে সমানভাবে বন্টনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(৭) সামাজিক বৈষম্য দূরীকরণ (Proper Uses of National Income & Rsource)**

বহু উন্নয়নশীল দেশে সামাজিক বৈষম্য মানব সম্পদ উন্নয়নের প্রধান বাধা। সমাজের পিছিয়ে পড়া শ্রেণিগুলিকে একত্রিত করে তাদের সার্বিক উন্নযনের ব্যবস্থা করতে হবে এবং তাদের বিভিন্ন সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। সমস্ত সমাজের সার্বিক কল্যাণ ছাড়া মানব সম্পদ উন্নয়ন সম্ভব নয়।

Scanned by TapScanner

## ১) উন্নয়ন কী? What is development ?

কোন দেশ বা অঞ্চলের সার্বিক অর্থনৈতিক, সামাজিক ও রাজ নৈতিক অবস্থার উন্নতির সঙ্গে সঙ্গে সেই অঞ্চলের পরিবেশের সঠিক সংরক্ষণ ও উন্নতি সাধন করাকেই উন্নয়ন বলে।

অন্যভাবে বলা যায় উন্নয়ন হল একটি প্রক্রিয়া যা মানবজাতিকে তার সম্পদ স্বরূপ সম্ভাবনাকে উপলব্ধি করতে সাহায্য করে এবং মানব সম্পদকে বঞ্চনা ও অভাবের হাত থেকে মুক্ত করে। অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিতে উন্নয়ন হল মাথা পিছু উপাদন বৃদ্ধি, আয় ও ভোগের সমতা, দারিদ্র্য ও বেকারত্ব হ্রাস, ব্যবসা বানিজ্যের সম্প্রসারণ এবং মানুষের জীবনযাত্রার মানের সর্বাঙ্গীন বিকাশ ও বৃদ্ধি।

## ২) মানব উন্নয়ন কাকে বলে? What is Human development?

যে প্রক্রিয়ায় মানুষের ক্ষমতা ও কাজের প্রসার ঘটার সাথে সাথে দীর্ঘ, সুস্থ ও সৃষ্টিশীল জীবন গড়ে তোলার সম্ভাবনা সৃষ্টি করে, তাকে Human Development (মানব উন্নয়ন বলে)। UNDP (United Nation Development Programme) ১৯৯০ সাল থেকে প্রতিটি দেশের মানব উন্নয়ন সংক্রান্ত সমীক্ষা করে এবং একটি Report পেশ করে যা 'Human Development Report' নামে পরিচিত। HDI এর ভিত্তিতে কোন দেশের Human Development কে বিচার করা হয়ে থাকে। মানব উন্নয়নকে তিনটি দিক দিয়ে বিচার করা হয়। যথা - আয়ু, জ্ঞান ও জীবন ধারনের নূন্যতম

মান।

## ৩) মানব উন্নযন সূচক কাকে বলে? What is HDI (Human Development Index)?

যে সূচকের সাহায্যে মানব উন্নয়নের সাথে সম্পর্কিত তিনটি প্রাথমিক মাত্রার অর্থাৎ দীর্ঘ ও সুস্থ জীবন, জ্ঞান ও জীবন যাত্রার সুষম মানের কতদূর অগ্রগতি হয়েছে, তা পরিমাপ করা হয় তাকে মানব উন্নয়ন সূচক (Human Development Index) বলে। এই সূচকের সর্বোচ্চ মান ১ এবং সর্ব নিম্নমান শূণ্য (০)। ২০১৮ সালের UNDP তথ্য অনুযায়ী ভারতের HDI মান ০.৬৪০ এবং Rank-১৩০.

## ৪) মোট অন্তঃদেশীয় উৎপাদন কাকে বলে ? What is GDP?

অর্থনৈতিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ সূচক হল GDP বা Gross Domestic Production (মোট আদ্ধর্দেশীয় উপাদন)। কোন একটি বছরে কোন দেশের ভৌগলিক সীমার মধ্যে উৎপাদিত বিভিন্ন ধরনের দ্রব্য ও সেবামূলক কাজের বা পন্যের বর্তমান বাজার দামের সমষ্টিকে GDP বলে। GDP বৃদ্ধি পাওয়ার অর্থ দেশ বা অধালের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে।

## ৫) মোট জাতীয় উৎপাদন কাকে বলে? What is GNP?

অর্থনৈতিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ সূচক Gross National Product (GNP) । কোন নির্দিষ্ট বছরে কোন দেশের মোট অভ্যন্তরীণ উপাদন সম্পর্কিত হয় আয় ও বিদেশে দেশীয় মালিকানায় পরিচালিত বিভিন্ন সংস্থা বা কারবারের মাধ্যমে উৎপাদিত সমস্ত দ্রব্য ও সেবামূলক কাজের বর্তমান দামের সমষ্টিকে GNP বলে।

GNP = GDP + FI

GDP = মোট অভ্যন্তরীণ উৎপাদন।

FI বিদেশ থেকে অর্জিত আয়।

## ৬) মাথাপিছু আয় বলতে কী বোঝ? What do you mean by percapita Income ?

কোন দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন অর্থাৎ GDP কে এ দেশটির মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে প্রাপ্ত ----- মাথাপিছু আয় বলে।

$$\text{মাথাপিছু আয়} = \frac{\text{মোট জাতীয় উৎপাদন}}{\text{মোট জনসংখ্যা}}$$

Scanned by TapScanner

## মানব উন্নয়ন পরিমাপ (Measures of Human Development)

পৃথিবীর উন্নয়নশীল এবং উন্নত দেশগুলোতে মানব উন্নয়ন পরিমাপের ক্ষেত্রে চারটি সূচক ব্যবহৃত হয়। এগুলো —

(i) মানব উন্নয়ন সূচক (Human Development Index)

(ii) মানব দারিদ্র্য সূচক (Human Poverty Index)

(iii) নারী উন্নয়ন সূচক (Gender Related Development Index)

(iv) নারীর ক্ষমতার পরিমাপ (Gender Empowerment Measure)

Scanned by TapScanner

## ■ মানব উন্নয়ন সূচক (Human Development Index-HDI)

মানব উন্নয়ন সূচক বলতে মানুষের উন্নয়ন সংক্রান্ত বিষয়কে বোঝায়। মানব উন্নয়নের মাত্রা পরিমাপ করার জন্য মানুষের জীবনের তিনটি বিশেষ ক্ষেত্রকে পরিমাপ করা হয়। তিনটি ক্ষেত্রেরই সর্বোচ্চ ও সর্বনিম্ন লক্ষ্যমাত্রা (Goalpost) নির্ধারণ করা হয়। এই ক্ষেত্রগুলো হল—

(i) জন্মের সময় প্রত্যাশিত আয়ু (Life Expectancy at birth),
(ii) সাধারণ সাক্ষরতার হার (General Literacy rate) এবং
(iii) মাথাপিছু GDP (US$)।

| সূচক (Indicator) | সর্বোচ্চ মান (Maximum Value) | সর্বনিম্ন মান (Minimum Value) |
|---|---|---|
| জন্মের সময় প্রত্যাশিত আয়ু (বছর) | 85 | 25 |
| সাধারণ সাক্ষরতার হার (প্রাপ্তবয়স্ক) | 100% | 0% |
| মাথাপিছু GDP (US $) | 40,000 | 100 |

কোনো দেশে মানব উন্নয়ন সূচক (Human Development Index) বা মানব উন্নয়নের মাত্রা বিশ্লেষণ করতে গেলে আমাদের কতগুলো বিষয়ে আলোকপাত করা উচিত। যেমন—

(i) দীর্ঘস্থায়ী ও সুস্থ জীবনযাপন মানুষ করতে পারছে কিনা। নবজাত শিশুর প্রত্যাশিত আয়ু থেকে আমরা এটা বুঝতে পারি।
(ii) জ্ঞানের পরিধি সম্পর্কে ধারণা অর্জন করতে হবে। সাক্ষরতার হার— প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা কতজন শিক্ষার্থী গ্রহণ করতে পেরেছে তার অনুপাত ও পরিসংখ্যান থেকে জ্ঞানের বিস্তারিত জানা যায়।
(iii) জীবনযাত্রার সুষম মান (Decent standard of living) পরিমাপ করা দরকার। মাথাপিছু GDP-র সাহায্যে এটি পরিমাপ করা হয়।

মানব উন্নয়ন সূচক পরিমাপ করতে গেলে মাত্রা সূচক (Dimension Index) নির্ণয় করা দরকার।

$$\text{মাত্রা সূচক} = \frac{\text{প্রকৃত মান} - \text{সর্বনিম্ন}}{\text{সর্বোচ্চ মান} - \text{সর্বনিম্ন মান}}$$

❖ **প্রত্যাশিত আয়ুসূচক নির্ণয় পদ্ধতি :** কোনো দেশে কোনো নির্দিষ্ট বছরে জন্মের সময় শিশুর প্রত্যাশিত আয়ু থেকে আমরা নির্দিষ্ট সূত্রের সাহায্যে এটি নির্ণয় করি। ধরা যাক, 2017 খ্রিস্টাব্দে নরওয়েতে নবজাতকের প্রত্যাশিত আয়ু ছিল 79.4 বছর।

তাহলে সূত্র অনুসারে প্রত্যাশিত আয়ুসূচক (Life Expectancy Index) হবে—

$$\text{প্রত্যাশিত আয়ুসূচক} = \frac{\text{প্রকৃত মান} - \text{সর্বনিম্ন}}{\text{সর্বোচ্চ মান} - \text{সর্বনিম্ন মান}}$$

$$= \frac{79.4 - 25}{85 - 25}$$

$$= \frac{54.4}{60}$$

$$= 0.906$$

❖ **শিক্ষাসূচক নির্ণয়ের পদ্ধতি (Calculation of Education Index) :** কোনো দেশে কোনো নির্দিষ্ট বছরে সাক্ষরতার হার এবং শিক্ষার্থীদের অনুপাত জানা থাকলে নিম্নলিখিত সূত্র থেকে আমরা শিক্ষাসূচক নির্ণয় করতে পারি। ধরা যাক, 2017 খ্রিস্টাব্দে কোনো দেশে প্রাপ্তবয়স্কের সাক্ষরতার হার 91.5% এবং শিক্ষার্থীদের অনুপাত 70.2%। তবে,

Scanned by TapScanner

$$\text{প্রাপ্তবয়স্কের সাক্ষরতা সূচক} = \frac{\text{প্রকৃত মান} - \text{সর্বনিম্ন}}{\text{সর্বোচ্চ মান} - \text{সর্বনিম্ন মান}}$$

$$= \frac{91.5-0}{100-0}$$

$$= \frac{91.5}{100} = 0.915$$

$$\text{শিক্ষার্থীদের সূচক} = \frac{70.5-0}{100-0} = \frac{70.5}{100}$$

$$= 0.705$$

সুতরাং, শিক্ষাসূচক (Education Index) $= \left(\frac{2}{3} \times \text{প্রাপ্তবয়স্কের সাক্ষরতা সূচক}\right) + \left(\frac{1}{3} \times \text{শিক্ষার্থীদের সূচক}\right)$

$$= \left(\frac{2}{3} \times .915\right) + \left(\frac{1}{3} \times .705\right)$$

$$= 0.61 + 0.235 = 0.845$$

❖ **GDP সূচক পরিমাপের পদ্ধতি (Measures of GDP Index) :**

ধরা যাক, কোনো দেশের কোনো নির্দিষ্ট বছরে মাথাপিছু GDP হল 8,000 ডলার। তাহলে GDP সূচক হবে—

$$\text{GDP সূচক} = \frac{\text{Log প্রকৃত মান} - \text{Log সর্বনিম্ন মান}}{\text{Log সর্বোচ্চ মান} - \text{Log সর্বনিম্ন মান}}$$

$$= \frac{\text{Log}(8{,}000) - \text{Log}(100)}{\text{Log}(40{,}000) - \text{Log}(100)}$$

$$= \frac{3.903 - 2.0}{4.602 - 2}$$

$$= \frac{1.903}{2.602} = 0.731$$

❖ **মানবিক উন্নয়ন সূচক [Human Development Index (HDI)] :** মানব উন্নয়ন সূচক হল এমন এক ধরনের সূচক যার সাহায্যে সমাজে মানুষের উন্নয়নের অবস্থা বোঝা যায়। সমাজের কোন্ শ্রেণির মানুষ উন্নয়নের সুফল কতটা পাচ্ছে তা এই সূচকের সাহায্যে আমরা পরিমাপ করতে পারি।

$$= \frac{1}{3} \times (\text{প্রত্যাশিত আয়ুসূচক}) + \frac{1}{3} \times (\text{শিক্ষাসূচক}) + \frac{1}{3} \times (\text{GDP সূচক})$$

$$= \frac{1}{3} \times (0.906) + \frac{1}{3} \times (0.845) + \frac{1}{3} \times (0.731)$$

$$= 0.302 + 0.282 + 0.244$$

$$= 0.828$$

❖ **মানব দারিদ্র্য সূচক (Human Poverty Index) :** মানব দারিদ্র্য সূচক পৃথিবীর উন্নয়নশীল ও উন্নত দেশগুলোর ক্ষেত্রে পৃথক হয়। অর্থাৎ, উন্নয়নশীল দেশের মানব দারিদ্র্য সূচক এবং উন্নত দেশগুলোর মানব দারিদ্র্য সূচক—এই দুই ভাগে দারিদ্র্য সূচককে বিশ্লেষণ করা দরকার।

**উন্নয়নশীল দেশে মানব দারিদ্র্য সূচক (Human Poverty Index in developing countries) :** পৃথিবীর উন্নয়নশীল দেশগুলোর মানবিক দারিদ্র্য সূচক পরিমাপের জন্য তিনটি প্রাথমিক মাত্রা (Three basic dimension)-কে আমরা বিশ্লেষণ করি, এগুলো হল—

Scanned by TapScanner

**(a) একটি দীর্ঘ এবং রোগমুক্ত জীবন :** 40 বছর বয়সের নীচে মানুষের রোগ, মৃত্যুর সম্ভাবনা কতটা রয়েছে তাই দিয়ে এই মাত্রা পরিমাপ করা হয়ে থাকে।

**(b) জ্ঞান (Knowledge) :** প্রাপ্তবয়স্ক মানুষের মধ্যে কত শতাংশ মানুষ নিরক্ষর আছেন, সেই পরিসংখ্যান অনুসারে জ্ঞানের মাত্রা পরিমাপ করা হয়।

**(c) জীবনযাত্রার সুষম মান :** কত শতাংশ মানুষ উন্নত স্বাস্থ্যবিষয়ক ওজনের সমান কিংবা কত শতাংশ শিশু স্বাভাবিক ওজনের চেয়ে কম আছে সেই পরিসংখ্যান থেকে জীবনযাত্রার সুষম মান বিশ্লেষণ করা হয়। মানব উন্নয়ন সূচকের সর্বনিম্ন মান শূন্য (0) থেকে সর্বোচ্চ মান 100-এর মধ্যে থাকে। একে শতাংশ হিসেবে প্রকাশ করা হয়।

**মানবিক দারিদ্র্য সূচক অনুসারে পৃথিবীর কয়েকটি উন্নয়নশীল দেশের অবস্থা :**

| দারিদ্র্যের অবস্থা (↓) | স্থান | মানব উন্নয়ন সূচকের মান | দেশ |
|---|---|---|---|
| সবচেয়ে ভালো | 1 | — | চেক প্রজাতন্ত্র |
| | 2 | < 2% | ক্রোয়েশিয়া |
| | 160 | 51% | মালি |
| | 163 | 61.9% | চাদ |
| সবচেয়ে খারাপ | 169 | 64.5% | জিম্বাবোয়ে |

**Source :** *Human Development Report, 2010.*

## ■ উন্নত দেশগুলোতে মানব দারিদ্র্য সূচক (Human Poverty Index in developed countries)

পৃথিবীর শিল্পোন্নত দেশগুলোর মানবিক দারিদ্র্য সূচক এবং সামাজিক বঞ্চনা পরিমাপের জন্য চারটি মাত্রাকে বিশ্লেষণ করা হয়। এগুলো হল—

**(a) দীর্ঘ ও সুস্থ জীবন :** জন্মের পর কোনো শিশুর 60 বছর বয়সের আগে মৃত্যুর সম্ভাবনা কতটা আছে তার পরিপ্রেক্ষিতে এই মাত্রাটি নির্ধারণ করা হয়।

**(b) জ্ঞান :** 16 বছর থেকে 65 বছর বয়স্ক মানুষের কত শতাংশের শিক্ষাগত যোগ্যতা নেই তার ভিত্তিতে এই মাত্রা পরিমাপ করা হয়।

**(c) জীবনযাত্রার সুষম মান :** দেশের কত শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নীচে (below poverty line) আছে তার ভিত্তিতে এই মাত্রা নির্ধারিত হয়।

**(d) সামাজিক দিক থেকে বঞ্চনা :** দেশের মানুষ 12 মাস কিংবা তার বেশি দিন বেকার থাকলে তার হার অনুসারে সামাজিক বঞ্চনার দিক বিবেচিত হবে।

**পৃথিবীর কয়েকটি শিল্পোন্নত দেশের অবস্থা**

| দারিদ্র্যের অবস্থা (↑) | HPI-2 ক্রম | HPI-2 মান | দেশ |
|---|---|---|---|
| সবচেয়ে ভালো | 1 | 0% | নরওয়ে |
| | 5 | 7.9% | ফিনল্যান্ড |
| | 13 | 11.6% | জাপান |
| সবচেয়ে খারাপ | 21 | 14.6% | যুক্তরাজ্য |

**Source :** *Human Development Report, 2009*

Scanned by TapScanner

❖ নারী উন্নয়ন সূচক (Gender Related Development Index, GDI) : যে-সূচকের সাহায্যে নারী এবং পুরুষের মধ্যে উন্নয়নের ক্ষেত্রে বৈষম্য নির্ণয় করা যায় তাকে নারী উন্নয়ন সূচক (Gender Related Development Index) বলে। GDI নির্ধারণের জন্য সুনির্দিষ্ট 'Goal Post' বা লক্ষ্যমাত্রা স্থির করা হয়।

**'GDI' পরিমাপের সূচক**

| সূচক (Indicator) | সর্বোচ্চ মান (Maximum Value) | সর্বনিম্ন মান (Minimum Value) |
|---|---|---|
| মহিলাদের প্রত্যাশিত আয়ু | 87.5 বছর | 27.5 বছর |
| পুরুষদের প্রত্যাশিত আয়ু | 82.5 বছর | 22.5 বছর |
| প্রাপ্তবয়স্কের সাক্ষরতার হার | 100% | 0% |
| নারী, পুরুষ সমেত শিক্ষার্থীর অনুপাত | 100% | 0% |
| উপার্জিত আয় | 40,000 (US $) | 100 (US $) |

**পৃথিবীর কয়েকটি দেশের অবস্থান (GDI অনুসারে)**

| সমাজে নারীদের অবস্থা (↑) | GDI ক্রম | GDI মান | দেশ |
|---|---|---|---|
| সবচেয়ে ভালো | 1 | 0.961 | নরওয়ে |
| | 17 | 0.943 | ব্রিটিশ যুক্তরাজ্য |
| | 114 | 0.594 | ভারত |
| সবচেয়ে খারাপ | 155 | 0.308 | নাইজার |

*Source : Human Development Report, 2009*

❖ নারীদের ক্ষমতার পরিমাপ (Gender Empowerment Measure, GEM) : যে সূচকের সাহায্যে আমরা সমাজে নারীদের হাতে প্রদত্ত ক্ষমতার পরিমাণ নির্ধারণ করতে পারি তাকে নারীদের ক্ষমতার পরিমাপ বলা হয়। সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক জীবনে নারীদের কতটা ভূমিকা আছে তা পরিমাপ করার জন্য 'GEM' ব্যবহার করা হয়।

GEM-এর তিনটি বিশেষ ক্ষেত্র হল :

(a) **রাজনীতিতে মহিলাদের অংশগ্রহণ এবং তাদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা :** পার্লামেন্ট-এর মোট আসনের মধ্যে কত শতাংশ পুরুষ এবং কত শতাংশ মহিলা আসন সংরক্ষিত তার পরিসংখ্যান থেকে এই মাত্রা নির্ধারিত হয়।

(b) **সামাজিক এবং অর্থনৈতিক ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা :** ব্যাংক, রেল, বিধায়ক এবং অন্যান্য উচ্চপদে কত শতাংশ মহিলা আছেন তার প্রেক্ষিতে GEM-এর পরিমাপ নির্ধারণ করা হয়।

(c) **সম্পদের ওপর মেয়েদের আধিপত্য :** মোট আয়ের মধ্যে নারীদের দ্বারা কত শতাংশ অর্জিত সেই পরিসংখ্যার ওপর ভিত্তি করে GEM পরিমাপ করা হয়।

**'GEM' অনুসারে পৃথিবীর কয়েকটি দেশের অবস্থান**

| সমাজে নারীদের ক্ষমতা (↑) | GEM ক্রম | GEM মান | দেশ |
|---|---|---|---|
| পুরুষের নিকট | 1 | 0.909 | নরওয়ে |
| | 2 | 0.906 | সুইডেন |
| | 15 | 0.790 | যুক্তরাজ্য |
| | 108 | 0.264 | বাংলাদেশ |
| পুরুষদের অপেক্ষা পিছিয়ে | 109 | 0.135 | ইয়েমেন |

*Source : Human Development Report, 2009*

Scanned by TapScanner

## লিঙ্গভিত্তিক অসাম্য সূচক
## Gender Inequality Index

2010-এর রাষ্ট্রসংঘের মানব উন্নয়ন প্রতিবেদনে (human development report) প্রথম লিঙ্গভিত্তিক অসাম্য সূচককে (gender inequality index or GII) অন্তর্ভুক্ত করা হয়। এই সূচকের মাধ্যমে নারী-পুরুষে কতটা বৈষম্য আছে তা বিবেচনা করা হয়। 2010 খ্রিস্টাব্দের আগে পর্যন্ত এক্ষেত্রে লিঙ্গবৈষম্য বোঝানোর জন্য লিঙ্গভিত্তিক উন্নয়ন সূচক (gender development index or GDI) এবং লিঙ্গভিত্তিক সক্ষমতার পরিমাপ (gender empowerment measure or GEM)-কে ব্যবহার করা হত। কিন্তু এক্ষেত্রে সূচক পরিমাপের পদ্ধতি (methodology) নিয়ে বেশ কিছু প্রশ্ন দেখা দেয় এবং তারপর থেকে নতুন পদ্ধতি নিয়ে ভাবনা চিন্তা শুরু হয়। নতুন পদ্ধতিতে GII নির্ণয়ে তিনটি বিষয়কে গুরুত্ব দেওয়া হয়—প্রজননগত স্বাস্থ্য (reproductive health), সক্ষমতা (empowerment) এবং শ্রমবাজারে অংশগ্রহণ (labour market participation)। HDI-র মতো GII-র মান '0' ও '1' এর মধ্যে থাকে। এখানে '0' বলতে বোঝায় সমাজে নারী ও পুরুষের অবস্থান সমান এবং '1' বলতে বোঝায় কোনো লিঙ্গের অবস্থা অন্যের তুলনায় সর্বাধিক খারাপ ('0'-When women and men fare equally and '1' where one gender fares as poorly as possible in all measured dimensions)।

প্রজননগত স্বাস্থ্য (reproductive health) নির্ণয়ে দুটি বিষয়কে বিবেচনা করা হয়। এক, মাতৃকালীন মৃত্যু অনুপাত (maternal mortality ratio—MMR) এবং দুই, বয়ঃসন্ধি জন্মহার (adolescent fertility rate—AFR)। একইভাবে সক্ষমতা (empowerment) নির্ণয়েও দুটি বিষয়কে বিবেচনা করা হয়। এক, সংসদীয় ব্যবস্থায় প্রতিনিধিত্ব (parliamentary representation—PR) এবং দুই, মাধ্যমিক ও উচ্চ শিক্ষায় অংশগ্রহণ (attainment at secondary and higher education—SE)। শ্রমবাজারে অংশগ্রহণের হার (labour force participation rate—LFPR) নির্মিত হয় দেশের মোট কর্মী সংখ্যার নিরিখে শ্রমবাজারে নিযুক্ত জনসংখ্যার শতকরা মানের দ্বারা।

Scanned by TapScanner